

রায়পুরা পৌরসভা কার্যালয়

রায়পুরা, নরসিংদী।

E-mail : raipuramunicipality2005@gmail.com

www.raipurapaurashava.gov.bd

স্মারক নং- রায়/পৌর/প্রশা/১৯/ ২৫

তারিখঃ ০৫/০২/১৯

“যানবাহনের পার্কিং ফি ইজারা” দরপত্র বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রায়পুরা পৌর এলাকার ভৌগোলিক সীমানার মধ্যে বাণিজ্যিক ভাবে চলাচলরত বিভিন্ন প্রকার যানবাহন যথা-টেম্পো, সিএনজি/বাস, মেক্সি, পিক আপ /ট্রাক, ট্রাকটর, অনুরূপ গাড়ীর পার্কিং ফি/টোল আদায়ের লক্ষ্যে ১৪২৬ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১ বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নে বর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে।

টেম্পো, সিএনজি/বাস, মেক্সি, পিক আপ /ট্রাক, ট্রাকটর, অনুরূপ গাড়ী পার্কিং ফি ইজারার বিবরণঃ

ক্রঃ নং	ইজারার নাম	বিগত বছরের ইজারার গড় মূল্য	৬% অতিরিক্ত মূল্য	সর্বমোট মূল্য (সরকারী মূল্য)	দরপত্র সিডিউলের মূল্য
০১	যানবাহনের পার্কিং ফি ইজারা	৯,১৭,৫০০/-	৫৪,০৫০/-	৯,৭১,৫৫০/-	২,৬০০/-

দরপত্র বিক্রয় তারিখ ও সময়সূচীঃ

দরপত্রের বিবরণ	দরপত্র বিক্রয় শুরু ও বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়
১ম বার	০৫/০২/১৯ হতে ২৭/০২/১৯	২৮/০২/১৯ বেলা ১:০০	২৮/০২/১৯ বেলা ২:০০
২য় বার	০৬/০৩/১৯ হতে ২৪/০৩/১৯	২৫/০৩/১৯ বেলা ১:০০	২৫/০৩/১৯ বেলা ২:০০
৩য় বার	২৮/০৩/১৯ হতে ০৯/০৪/১৯	১০/০৪/১৯ বেলা ১:০০	১০/০৪/১৯ বেলা ২:০০

শর্তাবলীঃ ১। দরপত্র সিডিউল বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র পৌরসভা কার্যালয় ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, (স্থানীয় সরকার শাখা) নরসিংদী, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা ও সহকারী কমিশনার (ভূমি) রায়পুরা হতে উল্লেখিত দরপত্র নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

২। দরপত্র সমূহ বেলা ১:০০ টা পর্যন্ত রায়পুরা পৌরসভা কার্যালয়ে এবং উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এবং উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাস্তবে ইজারা দরপত্র বিজ্ঞপ্তি উল্লেখিত দিনে গ্রহণ করা হবে এবং উক্ত দিনেই ২:০০ টা দরপত্র দাতাদের উপস্থিত (যদি কেহ উপস্থিত থাকে) পৌরসভা কার্যালয় দরপত্র খোলা হবে।


৩। দরপত্র দাতাকে তাহার দাখিলকৃত দরের ১০০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে (চেক গ্রহণ যোগ্য নহে) মেয়র, রায়পুরা পৌরসভা বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে।

৪। অনুমোদিত দরদাতাকে ৭ দিনের মধ্যে যানবাহন পার্কিং ফি ইজারার দাখিলকৃত মূল্যের উপর ১৫% ভ্যাট এবং ৫% আয়করের টাকা মেয়র, রায়পুরা পৌরসভা এর অনুকূলে বিডি/ পে-অর্ডার আকারে দাখিল করতে হবে। অন্যথায় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

৫। উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকবে। তবে যেকোন বার দাখিলকৃত দরপত্র পৌর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে।

৬। যে কোন দরপত্র বা সমুদয় দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। বিসম্মারিত তথ্য রায়পুরা পৌরসভা কার্যালয়, রায়পুরা, নরসিংদী হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।



(মোঃ জামাল মোল্লা)

মেয়র

রায়পুরা পৌরসভা

রায়পুরা, নরসিংদী।